# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৪৪

২৯/ দু‘আ ও যিকর

পরিচ্ছেদঃ দু‘আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (ﷺ) এর কতিপয় দু‘আর নমুনা

## আরবী

عَنْ سَلْمَانَ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لاَ يَرُدُّ الْقَضَاءَ إِلاَّ الدُّعَاءُ وَلاَ يَزِيدُ فِي الْعُمُرِ إِلاَّ الْبِرُّ

## বাংলা

(৩৬৪৪) সালমান ফারেসী (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দু’আ ছাড়া অন্য কিছু তাকদীর রদ্দ্ (খণ্ডন) করতে পারে না এবং নেক আমল ছাড়া অন্য কিছু আয়ু বৃদ্ধি করতে পারে না। (তিরমিযী ২১৩৯, সহীহুল জামে’ ৭৬৮৭)

## ফুটনোট

** প্রত্যেক মানুষের আয়ু নির্ধারিত আছে তার তকদীরে। এ হাদীসের অর্থ হল, তার আয়ুতে বরকত লাভ হয়, অল্প সময়ে অনেক সৎ কাজ করতে পারে, সে সুখী হয়। অথবা উদ্দেশ্য এই যে, তার আয়ু বৃদ্ধির ব্যাপারটা সৎকর্ম সাপেক্ষ থাকে। তার তকদীরে এমন লেখা থাকে যে, সে সৎকর্ম করলে, তবে তার বয়স এত হবে। অল্লাহু আ’লাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন